

(একই তারিখ ও সারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রাণিসম্পদ অধিদপ্তর

মানব সম্পদ উন্নয়ন শাখা

www.dls.gov.bd

“আমিষেই শক্তি, আমিষেই মুক্তি”

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১০.৫৩.০০৩.২৩.৩১২

তারিখ: ৪ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
১৭ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: ১ (এক) দিন বয়সী প্যারেন্টস্টক হাঁসের বাচ্চা আমদানির অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ডাকস্ এন্ড হ্যাচারী লিমিটেড, পূর্ব চরবাটা, সুবর্ণচর, নোয়াখালী ২৯/০১/২০২৫ তারিখের আবেদন পত্র।

সূত্রাধীন পত্রের প্রেক্ষিতে আপনাকে France হতে ১ (এক) দিন বয়সী Pekin Ducklings Parent Stock জাতের ২৯,৯৫২ (উনত্রিশ হাজার নয়শত বায়ান্ন) টি হাঁসের বাচ্চা নিয়ে বর্ণিত শর্তে আগামী ১২/০৫/২০২৫ খ্রি. তারিখের মধ্যে আমদানি করার জন্য অনুমতি প্রদান করা হলো (P.I No: C5010014; C5010015 Date: 16/01/ 2025):

শর্তসমূহঃ

- ১। অনুমোদিত সকল প্যারেন্ট স্টক হাঁসের বাচ্চা “সংক্রামক” রোগমুক্ত এই মর্মে রপ্তানিকারক দেশের দায়িত্ব প্রাপ্ত ভেটেরিনারিয়ান দ্বারা প্রত্যয়ন করত: প্রত্যয়ন পত্র আমদানির সময় সঙ্গে প্রদান করতে হবে।
- ২। হাঁসের বাচ্চা দেশে পৌঁছার পর নিজ দায়িত্বে ন্যূনতম ৩ (তিন) সপ্তাহ কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করবেন এবং সংশ্লিষ্ট জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অবহিত করবেন। উপজেলা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কোয়ারেন্টাইন সময়ে মনিটরিং করবেন এবং একটি প্রতিবেদন দাখিল করবেন।
- ৩। বাচ্চা দেশে পৌঁছার পর পরই কমপক্ষে ৩ (তিন)টি বাচ্চা কোয়ারেন্টাইন অফিসার, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা এর মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তর/রাধীন কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকাতে প্রেরণ করতঃ রোগ নির্ণয় প্রতিবেদন সংগ্রহ করে প্রাণিসম্পদ অধিদপ্তরকে অবহিত করবেন।
- ৪। অনুমোদিত সকল হাঁসের বাচ্চা বিমান যোগে আমদানি করতে হবে এবং এভিয়ান ইনফ্লুয়েঞ্জা আক্রান্ত দেশের ট্রানজিট গ্রহণ করা যাবে না।
- ৫। হাঁসের বাচ্চা আমদানির পর খামারের অগ্রগতির প্রতিবেদন প্রতিমাসে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৬। বাচ্চা আমদানির পর রপ্তানিকারক দেশ হতে প্রাপ্ত স্বাস্থ্যগত সনদ পত্র ও এলসির কপি অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৭। রপ্তানিকারক দেশে Notifiable AI দেখা দিলে তাৎক্ষণিকভাবে এ আদেশ বাতিল বলে গণ্য হবে। এই আদেশ অমান্য করে বাচ্চা আমদানি করলে সকল দায় দায়িত্ব আমদানিকারক প্রতিষ্ঠানকে বহন করতে হবে।
- ৮। জনস্বার্থে কর্তৃপক্ষ যে কোন সময় আমদানি অনুমতি বাতিল বা স্থগিত করতে পারবেন।
- ৯। সরকারী নির্ধারিত মূল্যে বাচ্চা বিক্রি করতে হবে।
- ১০। হাঁসের বাচ্চা দেশে পৌঁছার কমপক্ষে ৭দিন পূর্বে কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকাকে অবহিত করতে হবে।

সকল সংযুক্তিসমূহ:

- (১) সংযুক্তি

১০-০৩-২০২৫
ডাঃ সাখাওয়াত হোসেন
উপপরিচালক

ব্যবস্থাপনা পরিচালক

ঢাকা ডাকস্ এন্ড হ্যাচারী লিমিটেড (খামার: পূর্ব চরবাটা, সুবর্ণচর, নোয়াখালী, বাংলাদেশ)।

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১০.৫৩.০০৩.২৩.৩১২/১ (৭)

৪ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ১৭ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, চট্টগ্রাম।
- ২। কমিশনার, কাস্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৩। মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা (রোগ নির্ণয় প্রতিবেদনের এক কপি নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণকরার জন্য অনুরোধ করা হলো)।
- ৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নোয়াখালী (হ্যাচারী পরিদর্শন পূর্বক প্রতি মাসে পরিদর্শন প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। অফিসার ইনচার্জ, ইনফরমেশন এন্ড আইটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর।
- ৬। অফিসার ইনচার্জ, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর ঢাকা।
- ৭। অফিস কপি, ।



১০-০৩-২০২৫
ডাঃ সাখাওয়াত হোসেন
উপপরিচালক